Total number of printed pages–4

**1 (Sem–2) BEN**

**2024**

**BENGALI**

Paper : BEN0200104

***(Unish Shataker Bangla Sahityapath)***

*(উনিশ শতকের বাংলা সাহিত্যপাঠ)*

*Full Marks : 60*

Time : 2½ hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর লেখো ঃ ১×৮=৮

(ক) 'নীলধ্বজের প্রতি জনা' পত্রে প্রবীর কোন্ রাজ্যের যুবরাজ ছিলেন?

(খ) 'পুরুরবার প্রতি উর্বশী' পত্রে দেবনাট্যশালে কোন্ নাটক অভিনয়ের কথা রয়েছে?

(গ) 'শকুন্তলা' গ্রন্থে নবমালিকার বনতোষিণী নাম কে রেখেছিলেন?

(ঘ) রাজা দুষ্মন্ত মৃগয়ায় আগমনকালে যে প্রিয়বয়স্যকে সঙ্গে এনেছিলেন তার নাম কী ছিল?

*Contd.*

(ঙ) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে প্রথম খণ্ডের প্রথম পরিচ্ছেদের শিরোনাম কী ছিল লেখো।

(চ) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে অধিকারী কোন্ শ্রেণির ব্রাহ্মণ ছিলেন?

(ছ) ‘সধবার একাদশী’ নাটকে প্রথম অঙ্কে কয়টি গর্ভাঙ্ক রয়েছে?

(জ) ‘সধবার একাদশী’ নাটকে অটলবিহারীর পিতৃব্যের নাম কী ছিল?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো ঃ *(যে-কোনো ছয়টি)* ২×৬=১২

(ক) তারা দেবগুরু বৃহস্পতির কে ছিলেন? বৃহস্পতির কাছে বিদ্যাধ্যয়ন করতে কে গিয়েছিলেন?

(খ) ‘......নিবাস তব বঞ্জুল মঞ্জুলে!’
উদ্ধৃতাংশের ‘বঞ্জুল মঞ্জুলে’ শব্দ দুটির অর্থ কী?

(গ) শকুন্তলার *দুই* সখীর নাম লেখো।

(ঘ) শকুন্তলার সঙ্গে দুষ্মন্তের রাজসভায় যাঁরা গিয়েছিলেন তাঁদের মধ্যে *দুজনের* নাম লেখো।

(ঙ) ‘শকুন্তলা’ গ্রন্থে উল্লেখিত দেবলোকের পূর্ব-পশ্চিমে বিস্তৃত পর্বতটির নাম কী ছিল? এখানে কারা বাস করতেন?

(চ) “পথিক তুমি পথ হারাইয়াছ।”
‘কপালকুণ্ডলা’ উপন্যাসে এই উক্তি কে, কাকে উদ্দেশ্য করে করেছিল?



(ছ) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে নবকুমারের বাড়ি কোথায় ছিল? সে কী পদবী ব্যবহার করত?

(জ) নবকুমারের প্রথম স্ত্রীর নাম কী? ইসলাম ধর্ম গ্রহণ করার পর তার নতুন নাম কী হয়েছিল?

(ঝ) ‘সধবার একাদশী’ নাটকের অটলবিহারীর *দুজন* বন্ধুর নাম লেখো।

(ঞ) ‘সধবার একাদশী’ নাটকে ডেপুটি ম্যাজিস্ট্রেট কে ছিলেন? তিনি কোন্ অঞ্চলের ডেপুটি ম্যাজিস্ট্রেট ছিলেন?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ *(যে-কোনো চারটি)* ৫×৪=২০

(ক) “আকাশে করেন কেলি লয়ে কলাধরে
রোহিণী; কুমুদী তাঁরে পূজে মর্ত্যতলে!
কিঙ্করী করিয়া মোরে রাখ রাজপদে!”
উদ্ধৃতাংশের নিহিতার্থ বিশ্লেষণ করো।

(খ) ‘লক্ষ্মণের প্রতি সূর্পণখা’ পত্র অবলম্বনে সূর্পণখা চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) ‘শকুন্তলা’ গ্রন্থের কাহিনি অনুসরণে শকুন্তলার পতিগৃহে যাত্রার বিবরণ দাও।

(ঘ) ‘শকুন্তলা’ গ্রন্থের কাহিনিতে দুর্বাশার অভিশাপের গুরুত্ব কতখানি, লেখো।

(ঙ) নবকুমার কীভাবে সহযাত্রীদের দ্বারা পরিত্যক্ত হয়েছিল তার যথাযথ বর্ণনা দাও।

(চ) শ্যামাসুন্দরী চরিত্র সম্পর্কে আলোচনা করো।

(ছ) "সভ্যতার সহিত বিদ্যাভাবের উদ্বাহ হলেই বিড়ম্বনার জন্ম হয়।"
সপ্রসঙ্গ উক্তিটি ব্যাখ্যা করো।

(জ) 'সধবার একাদশী' নাটকে রামমাণিক্য চরিত্রের গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : *(যে-কোনো দুটি)* ১০×২=২০

(ক) 'নীলধ্বজের প্রতি জনা' পত্র অবলম্বনে জনা চরিত্রের বিশেষত্ব বুঝিয়ে লেখো।

(খ) 'শকুন্তলা' গদ্য গ্রন্থ অবলম্বনে দুষ্মন্ত ও শকুন্তলার প্রণয় সম্পর্কের স্বরূপ আলোচনা করো।

(গ) 'কপালকুণ্ডলা' উপন্যাসে মতিবিবির কাহিনির উপযোগিতা ও সার্থকতা বিচার করো।

(ঘ) 'সধবার একাদশী' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঙ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের নবকুমার চরিত্র আলোচনা করো।